



প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল (শনিবার) গাজীপুরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দেন

বাউবির উন্নয়নে সবধরনের সহযোগিতার আশ্বাস জ্ঞান ও শিক্ষাভিত্তিক সমাজ গঠন করুন : প্রধানমন্ত্রী

গাজীপুর থেকে স্টাফ রিপোর্টার : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শিক্ষা ও জ্ঞানের ক্ষেত্রে একটি সমাজ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেছেন। শিক্ষাই হলো সমাজের প্রকৃত নিরাপত্তা, এই চেতনা ও বিশ্বাসে অনুপ্রাণিত হওয়ার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। প্রধানমন্ত্রী গতকাল (শনিবার) গাজীপুরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তনে ভাষণ দিচ্ছিলেন। খালেদা জিয়া বলেন,

আমরা শিক্ষায় জোর দিচ্ছি চিন্তা ও মেধার মুক্তচর্চার ওপর। আমরা মনে করি, শিক্ষা হচ্ছে সামাজিক কল্যাণের একমাত্র এবং প্রকৃত নিরাপত্তা। প্রধানমন্ত্রী আরো বলেন, স্বাধীনতা ও গণতন্ত্রকে অর্ধবহু করে উল্টাতে শিক্ষার বিকল্প নেই। তবে শিক্ষা হতে হবে স্বতন্ত্র এবং তা মুক্তচিন্তা ও সচেতনতা জাগিয়ে তোলার উপযোগী হতে হবে। সমাবর্তন অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক, শিক্ষা

প্রতিমন্ত্রী আ.ন.ম এহসানুল হক মিলন, প্রফেসর ড. ওয়াহিদ খান ও বাউবির ডিসি ড. এম এরশাদুল বারী। অনুষ্ঠানে মন্ত্রিপরিষদের সদস্যগণ, সসেন, সদস্যগণ, সাবেক ধর্মপ্রতিমন্ত্রী অধ্যাপক এম এ মান্নান, সাবেক জেলা পরিষদ চেয়ারম্যান হাসানউদ্দিন সরকার, জিয়া পরিষদের চেয়ারম্যান কবির মুহাম্মদসহ সরকারী-বেসরকারী কর্মকর্তা উপস্থিত ছিলেন। সমাবর্তনের ১-এর পৃঃ ৮-এর ৩ঃ দেখুন

প্রধানমন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর
সার্বিক সাফল্য কামনা করে প্রধানমন্ত্রী বলেন, কনসেন্ট অনুযায়ী উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সত্যিকার অর্থেই উন্মুক্ত। বিগত ৫ বছর এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম কি ধরনের প্রতিফলকতার মুখে পড়েছিলো, সে সম্পর্কে আপনারাই ভালো জানেন। তবে এই প্রতিষ্ঠানের হাজার হাজার শিক্ষার্থীর ভবিষ্যৎ জীবনের অনিশ্চয়তা ও হতাশা আমরা বেবনার সঙ্গে অনুভব করেছি। এখার আমরা সরকারে আসার পর প্রকৃত সেইসব সমস্যার নিরসন হয়েছে। এতে সবাই স্বস্তি ফিরে পেয়েছে। প্রধানমন্ত্রী উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন।

এ প্রসঙ্গে তিনি বলেন, কোন বেসরকারী টিভি চ্যানেল শিক্ষা উন্নয়নকে প্রাধান্য দিয়ে নতুন চ্যানেল চালু করলে সরকার তাকে স্বাগত জানাবে।

প্রধানমন্ত্রী ডিগ্রীপ্রাপ্তদের ডিগ্রী ঘোষণাপূর্বক ডিগ্রী প্রদান এবং ডাল ফলাফলের জন্য তাপস কুমার, বেগম আকিয়া, মুনজেদা, সায়মা ইয়াসমিন ও আবুল হোসেনকে স্বর্ণপদক প্রদান করেন।

এর আগে প্রধানমন্ত্রী বাউবির ক্যাম্পাসে ২৩ লাখ টাকা ব্যয়ে স্বাধীনতামুকের উপর নির্মিত ঐতিহাসিক ম্যুরাল-এর উদ্বোধন করেন। দুপুর ১২টায় প্রধানমন্ত্রী সড়কপথে বাউবির ক্যাম্পাসে পৌঁছালে বাউবি ডিসি প্রফেসর ড. এরশাদুল বারী তাকে অভ্যর্থনা জানান।